# Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 14 May, 2025

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের শিক্ষার্থী ও ছাত্রদল নেতা শাহরিয়ার আলম সাম্য হত্যার প্রতিবাদে বিচার দাবিতে বিক্ষোভ মিছিল করেছে কুমিল্লা বিশ্ববিদ্যালয় (কুবি) শাখা ছাত্রদল।

বুধবার (১৪ মে) দুপুর ১টা ৩০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক থেকে মিছিল শুরু হয়ে ক্যাম্পাসের সামনের প্রধান সড়ক ঘুরে বিশ্ববিদ্যালয়ের গোলচত্বরে এসে শেষ হয়।

মিছিলে অংশগ্রহণকারীরা ‘আমার ভাইয়ের রক্ত বৃথা যেতে দেবো না’, ‘সাম্য ভাইয়ের রক্ত বৃথা যেতে দেবো না’, ‘ঢাবিতে লাশ পড়ে, ইন্টেরিম কি করে’, ‘ছাত্রদলের রক্ত বৃথা যেতে দেবো না’—এমন বিভিন্ন প্রতিবাদী স্লোগানে সাম্য হত্যার ন্যায্য বিচার এবং বিশ্ববিদ্যালয়গুলোর নিরাপত্তাহীনতা নিয়ে ক্ষোভ প্রকাশ করেন।

কুমিল্লা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সদস্য সচিব মোস্তাফিজুর রহমান শুভ বলেন, ‘সাম্য হত্যাসহ গত ১৭ বছরে দেশের প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে আমাদের অনেক ভাই ও বোন নির্মম হত্যাকাণ্ডের শিকার হয়েছেন। আমরা এসব হত্যার সুষ্ঠু বিচার দাবি করছি। শুধু ঢাকা বিশ্ববিদ্যালয় নয়—দেশের প্রতিটি বিশ্ববিদ্যালয়ে বর্তমানে যেভাবে ‘মোব জাস্টিস’ বা জনতার হাতে বিচার চলেছে, তা আমরা ঘৃণাভরে প্রত্যাখ্যান করছি। এ ধরনের মোবোক্রেসি যদি আবারও ঘটে, তাহলে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও প্রশাসনকে তার দায়ভার নিতে হবে'।

তিনি আরও বলেন, 'বিশ্ববিদ্যালয় প্রশাসন যদি শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করতে ব্যর্থ হয়,

তবে তাদের দায়িত্বে থাকার কোনো যৌক্তিকতা নেই।আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও প্রশাসনকে বলতে চাই–গত ৫ আগস্টের পর পারভেজ হত্যা, সাম্য হত্যাসহ যেসব নির্মম ঘটনা ঘটেছে, সেইসব হত্যাকারীদের অবিলম্বে সনাক্ত করে বিচারের আওতায় আনতে হবে। অন্যথায় শুধু ঢাকা বিশ্ববিদ্যালয় নয়, দেশের প্রতিটি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনকে জবাবদিহি করতে হবে এবং আমরা সাধারণ শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে দেশব্যাপী কঠোর আন্দোলনের ডাক দিতে বাধ্য হবো।

উল্লেখ্য, রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে বাইকে ধাক্কা দেওয়া নিয়ে তর্কাতর্কির জেরে ছুরিকাঘাতে মঙ্গলবার দিবাগত রাত ১২টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা বিভাগের মাস্টার্সের ২০১৮-১৯ বর্ষের শিক্ষার্থী শাহরিয়ার আলম সাম্য নিহত হন।

ছাত্রদল হত্যা বিক্ষোভ মিছিল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:31

URL: https://www.timestodaybd.com/campus/2488648006